আমাদেরসময়

তারিখ 04 APR 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# ছাত্রীকে কুপ্রস্তাবের অভিযোগে প্রধান শিক্ষককে সাসপেন্ড

নিজস্ব প্রতিবেদক, নারায়ণগঞ্জ ● নারায়ণগঞ্জ বন্দর উপজেলার মদনপুরের ঐতিহ্যবাহী বিদ্যাপীঠ মদনপুর রহমানিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজমুল হাছানের বিরুদ্ধে এক ছাত্রীকে কুপ্রস্তাব দেওয়ার অভিযোগ উঠেছে। এই ঘটনা জানাজানি হলে ওই অভিযুক্ত প্রধান শিক্ষক পরদিন স্কুল থেকে ১৫ দিনের নৈমিত্তিক ছুটি নিয়েছেন। এদিকে স্কুলে ম্যানেজিং কমিটি অভিযুক্ত প্রধান শিক্ষক নাজমুল হাছানের বিরুদ্ধে অভিযোগের সত্যতা পেলে তাকে বহিষ্কারের সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছেন কমিটির সভাপতি আবদুল হাই ভূঁইয়া। এদিকে প্রধান শিক্ষক কর্তৃক ছাত্রীদের কুপ্রস্তাব দেওয়ায় শাস্তি দাবি করে স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি বরাবর অভিযোগ জমা দিয়েছে শিক্ষার্থীরা। কুপ্রস্তাবের বিষয়টি অডিও রেকর্ডিংয়ে মাধ্যমে এলাকায় জানাজানি হলে এ নিয়ে সচেতন মহল প্রধান শিক্ষক শাহ মো. নাজমুল হাছানের ভাবমূর্তি নিয়ে নানা প্রশ্ন তুলেছে।